দৈনিক সংবাদ

MAR. 05 2002

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঝিনাইদহে স্কুলছাত্রী ধর্ষণের শিকার ॥ শিবিরকর্মী আটক

**ঝিনাইদহ থেকে নিজস্ব সংবাদদাতা** ঃ ঝিনাইদহে নবম শ্রেণীর ছাত্রী পঞ্চদশী এক কিশোরী ধর্ষণের শিকার হয়েছে। পুলিশ ধর্ষক শিবিরকর্মী এক যুবককে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, ঝিনাইদহ সদর উপজেলার বড়খাজুরা গ্রামে গত ২৪শে ফেব্রুয়ারি মধ্যরাতে পঞ্চদশী এক কিশোরী (নাম প্রকাশ করা হলো না) প্রকৃতির ডাকে সাড়া দিতে ঘরের বাইরে এলে প্রতিবেশী শোয়েবুর রহমান খোকন তার মুখ চেপে ধরে নিজ বাড়ির একটি কক্ষে নিয়ে ধর্ষণ করে। পরদিন ২৫শে ফেব্রুয়ারি ধর্ষিতা কিশোরী নিজে বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি মামলা দায়ের করলে পুলিশ ধর্ষক খোকনকে গ্রেফতার করে। ধর্ষক ছাত্র শিবির সদস্য শোয়েবুর রহমান ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল হাদিস বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র।

## আসামি ধরতে গিয়ে কালীগঞ্জে পুলিশ ধোলাই

সাদা পোশাকে আসামি ধরতে গিয়ে জেলার কালীগঞ্জ থানার ২ দারোগা ও ২ কনস্টেবল মাদক বিক্রেতাদের হাতে ধোলাই খেয়েছে।

পুলিশ জানায়, ওয়ারেন্টভুক্ত আসামি মঈদুলকে গত ২৫শে ফেব্রুয়ারি গ্রেফতার করতে গেলে আসামি মঈদুল ও তার সঙ্গীরা সাদা পোশাকের পুলিশকে বেধড়ক পেটায়। খবর পেয়ে থানা থেকে অতিরিক্ত পুলিশ গিয়ে দারোগা ফজলুর রহমান ও দারোগা শহীদসহ অন্য দু'জন পুলিশ কনস্টেবলকে উদ্ধার করে আনে। এ সময় পুলিশ আসামি তারেকের স্ত্রী মরিয়মের কাছ থেকে ৭৫০ টাকা মূল্যের ১৫ পুরিয়া হেরোইন উদ্ধার করে।